# দিঘলিয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২১মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-১১/২০২১)

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৫ নভেম্বর ২০২১, বৃহস্পতিবার

সময় : বিকাল ১২: ০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত অক্টোবর ২০২১, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | অক্টোবর ২০২১ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, ২০২১ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, যথাসময়ে সভা আহবানপূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: অক্টোবর/২০২১ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৮২,১৪৮ /-<br>সর্বমোট ব্যয়-৫,০০,৫১০ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা সমাজকল্যাণ কমিটির | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২০-২০২১অর্থবছরে দ্বিতীয় ধাপে ১৫২ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় এসেছে। তন্মধ্যে দিঘলিয়া উপজেলা আছে। এক্ষেত্রে যোগ্য ভাতাভোগীদের অনলাইনে আবেদন করতে বলা হলো। অনলাইনে আবেদন সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, উপজেলা ডিজিটাল সেন্টার | সভায় বিস্তারিত আলোচনান্তে যোগ্য ভাতা প্রার্থীদের অনলাইনে ভাতার আবেদন করার জন্য প্রচার চালানো ও | উপজেলা সমাজসেবা অফিসার দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও যে কোন স্থানে কম্পিউটারে অনলাইনে আবেদন করা যাবে। তিনি আরো বলেন অত্র উপজেলায় “প্রান্তিক জনগোষ্ঠের জীবনমান উন্নয়ন” শীর্ষক একটি প্রকল্প বাস্তবায়ন হতে যাচ্ছে। সেখানে কামার, কুমার, জুতার কাজ, বাঁশ ও বেতেরকাজ, সেলুন, কাশা পিতল, নকশী কাথা, বংশীবাদক ইত্যাদি শ্রেণী পেশার মানুষের জন্য প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী অনুদান দেয়া হবে। এক্ষেত্রে নির্দিষ্ট জরীপ ফরমে আবেদন করা যাবে। সভায় বিস্তারিত এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উদ্বুদ্ধ করতে হবে। এছাড়া প্রান্তিক জনগোষ্ঠির উক্ত পেশাভিত্তিক লোকদেও জরীপ ফরম পূরন ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | উপজেলা যুব ও ক্রীড়া কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, যথাযোগ্য মর্যাদায় জাতীয় যুব দিবস পালন করা হয়েছে। জাতীয় যুব দিবসের ২০২১ এর প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে “দক্ষ যুব সমৃদ্ধ দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ” এই উদ্দেশ্য নিয়ে যুব দিবস উপলক্ষ্যে যুবদের মাঝে ৩,০০,০০০/- টাকার যুব ঋণ বিতরণসহ প্রশিক্ষনার্থীদের মাঝে প্রশিক্ষণ সনদপত্র বিতরণ করা হয়েছে। ইতোমধ্যে ০৩ টি প্রশিক্ষণ ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। চলতি মাসে আরো ৩ টি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। সর্বমোট ক্রমপুঞ্জিভূত ৩৫,৯৩০০০/- ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার মোটামোটি ভাল। কিছু খেলাপী আছে প্রশাসন সহযোগিতার হাত বাড়িয়ে দিলে সকল টাকা আদায় করা সম্ভব হবে বলে মনে করি। দপ্তরের নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম শুরু হবে। তবে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে কাজ করার জন্য সকল কর্মকর্তা ও কর্মচারীদের নির্দেশ দেওয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সঠিক ভাবে সম্পন্নসহ ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম অভ্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা দিঘলিয়া, খুলনা |
| ০৬ | উপজেলা কৃষি ও সেচ কমিটি | সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, রবি ও বোরো মৌসুমে দিঘলিয়া উপজেলায় বোরো ধান হেক্টর ২২০ বীজতলা হাইব্রিড ও উফশী জাতের বীজতলা প্রস্তুত চলিতেছে। বোরো ধানের আবাদের লক্ষ্যমাত্রা ৪৮০০.০০ হেঃ। রবি সবজী রোপনের কাজ চলিতেছ। পোকা মাকড় ও রোগের প্রাদুর্ভাব এখনো পর্যন্ত তেমন দেখা যায় নাই। তিনি বলেন উপজেলায় গ্রীষ্মকালীন বিভিন্ন প্রকার সবজি উৎপাদন শেষ। রবি মৌসুমে সজীর আবাদ ৩০০.০০ হেঃ হয়েছে বলে উপজেলা কৃষি অফিসার সভাকে অবহিত করেন। নাবী পাটবীজ উৎপাদনের জন্য ২০ জন কৃষক প্রতি ০১ (এক) জন কৃষককে ২০ শতকের জন্য বিনামূল্যে পাটবীজ ও ডিএপি, এমওপি রাসায়নিক সার ও কীটনাশক সহায়তা দেওয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃ অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষন পরিবিক্ষণ ও নিয়ন্ত্রণ কমিটির | সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার জানান যে, উপজেলা হাট/বাজার সমূহে ভেজালমুক্ত ও নিরাপদ পণ্যসামগ্রী ন্যায্যমূল্যে জনগণ/ভোক্তার নিকট যা বিক্রয় করা হইতেছে। সভায় উপস্থিত সকল সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং দ্রুত কার্যকরী ব্যবস্থাসহ মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধি করার আহবান জানান। তিনি আরো বলেন, ভোক্তা অধিকার আইন বিষয়ক কর্মশালা/পরামর্শমূলক সভার মাধ্যমে ভেজালমুক্ত পণ্যসামগ্রী বিক্রয়ে বিক্রেতাগণকে উৎসাহিত করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যগণ বিস্তারিত আলোচনা করে প্রতি ইউনিয়নে স্থানীয় দোকান মালিক/ব্যবসায়ী, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তির সমন্বয়ে পরামর্শমূলক সভা করার আহবান | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে হাট/বাজারগুলিতে ভেজালমুক্ত পণ্য বিক্রয়ের লক্ষ্যে প্রতিমাসে মনিটরিং বৃদ্ধিসহ মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনা (ভূমি) ও উপজেল পরিসংখ্য অফিসার দিঘলিয়া |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানান। | | খুলনা। |
| ০৮ | উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি | সভায় উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, বর্তমানে গবাদি পশু, ও হাঁস-মুরগীর সংক্রামক রোগের প্রাদুর্ভাব অনেক বেড়ে গেছে। বিশেষ করে ক্ষুরা রোগের পাশাপাশি লাম্পি স্কিন ডিজিজ বেশ আক্রান্ত হচ্ছে তাই এমতাবস্থায় ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রয়োগ করা ও খামারগুলিকে জীবানুমুক্ত রাখার জন্য জীবানুনাশক ব্যবহার একান্ত প্রয়োজন। এ ব্যপারে খামারী ও কৃষক প্রশিক্ষণ খুবই জরুরী। সরকারী বরাদ্দ না থাকায় কৃষক ও খামারীদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হচ্ছে না। সদস্য সচিব আরোও বলেন, শীতকালীন রোগ বালাই কমানোর জন্য সবাইকে নিয়মিত ভ্যাকসিন করার জন্য সকল খামারীকে পরামর্শ দেওয়া হয়েছে। এছাড়া উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান যে, জেলেদের নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। দিঘলিয়া উপজেলার জেলেদের তালিকা সমুদ্রগামী জেলেদের তালিকা এবং মৎস্যজীবী (ইলিশ) এর তালিকা হালনাগাদ করনের নিমিত্ত সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। সকলের সহযোগীতা কামনা করছি। তিনি আরো জানান যে, ০১ নভেম্বর হতে জাটকা সংরক্ষণ অভিযান শুরু হয়েছে। জাটকা ইলিশ (১০ ইঞ্চির নিচে) সংরক্ষনের লক্ষ্যে ৩০ জুন/২২ পর্যন্ত প্রতিমাসে ২ টি সচেতনতা সভা ও নূন্যতম ৩টি করে অভিযান পরিচালনা করা হবে। | সভায় এ ব্যপারে বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলায় যে সমস্ত খামারীগন আছেন তাদেরকে নিয়মিত পরামর্শ প্রদান করারসহ প্রকৃত মৎস্যজীবীদের তালিকা হালনাগাদ নিবন্ধন করা এবং (১০ ইঞ্চির নিচে) ইলিশ সংরক্ষনের জন্য নিয়মিত অভিযান ও সচেতনতা মূলক পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ও উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির | সভায় উপজেলা পরিকল্পনা অফিসার জানান যে, অত্র উপজেলার অক্টোবর/২০২১ ইং মাসে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৮২.২৫%। অস্থায়ী স্বল্পমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহীতার হার বেশি, এছাড়া কপার্টি গ্রহীতা ১৮ জন, ইমপ্লান্ট গ্রহীতা ২৩ জন, স্থায়ী পদ্ধতি গ্রহীতা ২৯ জন যা লক্ষ্যমাত্রা অনুযায়ী সন্তোষজনক তবে। সভায় সভাপতি মহোদয়, স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা বাড়ানোর লক্ষ্যে সিটিকর্পোরেশনসহ নিম্ন অগ্রগতি এলকায় সংশ্লিষ্ট সকল সরকারী ও বেসরকারী কর্মীদের মোটিভেশন কার্যক্রম ও তদারকি বৃদ্ধি করার জন্যপরামর্শ দেন। তিনি আরো বলেন তার দপ্তর হতে প্রতি বছরেরন্যায় এবছর ও দিবসটি যথাযথভাবে বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তবে এ ক্ষেত্রে সভাপতি মহোদয় বলেন যে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে যোগাযোগ করে দিবসটি পালনের কথা বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান মেনে দাপ্তরিক কার্য পরিচালনাসহ বিভিন্ন দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতা বাড়ানোর পরামর্শসহ পরিবার পরিকল্পনা দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালন সম্পন্নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটি | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, অত্র উপজেলার উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে রপ্তানীমুখী পানচাষ খাতে প্রশিক্ষণের মাধ্যমে পানচাষীদের দক্ষতা বৃদ্ধি, আর্থসামাজিক অবস্থার উন্নয়ন এর জন্য ৩৫ জন ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি পান চাষী কৃষককে ২ দিনের প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে রপ্তানীমুখী পানচাষীদের দক্ষতা বৃদ্ধি, আর্থসামাজিক অবস্থার উন্নয়নের জন্য তাদেরকে উপজেলা জাইকার অর্থায়নে প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, আসন্ন এইচএসসি পরীক্ষা/২০২১ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মানন্নোয়নের জন্য যথাযথ মনিটরিং ও পরামর্শ প্রদান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা | সভায় বিস্তারতি আলোচনান্তে আসন্ন এইচসসি পরীক্ষ /২০২১ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | অফিসারকে অনুরোধ করা হয়। | করার জন্য সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১২ | বিবিধ আলোচনা<br>উপজেলা মহিলা ও শিশু বিষয়ক | সভায় উপজেলা মহিলা বিষায়ক অফিসার জানান যে, চলতি অর্থবছর হতে মাতৃত্বকাল ভাতা আর আসবে না। তিনি বলেন ভিজিডি চাউলের কার্ড বর্তমানে দেওয়া বন্ধ এবং যারা ভিজিডির চাউল এর কার্ডধারী ব্যক্তি মারা যায় তাহলে ঐ কার্ড বন্ধ হয়ে যাবে। পুনরায় ঐ কার্ড আর দেওয়া হবে না। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি কার্ডের নীতিমালা অনুযায়ী দাপ্তরিক কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা স্বাস্থ্যা ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, গণ টিকা কার্যক্রমকে সুন্দরভাবে বাস্তবায়ন করায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন দিঘলিয়া উপজেলায় ১,২২,৫৭০ জন লোকের বসবাস কিন্তু লোকসংখ্য অনুসারে টিকা কার্যক্রমে অনেক পিছিয়ে আছে। তাই তিনি সকলকে টিকা নিতে আসার জন্য অত্র সভার মাধ্যমে সকলকে আহবান জানান। তিনি বলেন এ পর্যন্ত টিকা প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে ৬৮,২১৩টি কিন্তু এখনো পর্যন্ত যে সকল জনসাধারণ টিকা নেননি তাদেরকে টিকা নেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন কুকুরে কামরানো রোগীর ভ্যাকসিন এর মজুদ শেষ হয়েছে। উপজেলা পরিষদ থেকে আবারও কুকুরে কামরানো রোগীর জন্য ভ্যাকসিন প্রয়োজন। তিনি বলেন উপজেলায় আগামী ০৬/১২/২০২১ তারিখ হতে ১২/১২/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ৩০ বছরের উর্দ্ধে মহিলাদের ভাওয়েল পরীক্ষা করা হবে। তিনি বলেন ইতোমধ্য প্রতিটি মাধ্যমিক বিদ্যালয়ে ক্ষুদে ডাক্তারের ক্যামপেইন কার্যক্রম সম্পন্ন হয়েছে। তিনি আরো বলেন আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে যদি ৮ শতক করে জমি সরকারের স্বাস্থ্য বিভাগের নামে দলিল করে দেওয়া হয় তাহলে স্বাস্থ্য বিভাগ থেকে কমিউনিটি ক্লিনিক স্থাপন করা সম্ভব হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল জনসাধারণ এখনও পর্যন্ত টিকা নেননি তাদেরকে টিকা নেওয়াসহ কুকুরে কামরানো রোগীর জন্য ভ্যাকসিন ক্রয় এবং আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে ৮ শতক করে জমি স্বাস্থ্যা বিভাগের নামে দলিল করে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৪ | চেয়ারম্যান দিঘলিয়া ইউপি। | সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, উপজেলা হাসপাতালে কিছু সংখ্যক চার্জারী কাজের জন্য প্রয়োজনীয় ডাক্তার এর বিষয়ে সর্ব প্রকার সহযোগীতা করার জন্য তারা সব সময় প্রস্তুত। | সভায় বিস্তারিত আলোচনান্তে | উপজেলা, দিঘলিয়া, খুলনা। |
| ১৫ | চেয়ারম্যান যোগীপোল ইউপি। | সভায় চেয়ারম্যান যোগীপোল ইউপি জানান যে, তার ইউনিয়ন পরিষদ ভবনটা অত্যান্ত জরাজীর্ণ একটি ভবন যার কারণে তার ইউনিয়নে একটি নতুন ভবন করতে চায়। তিনি বলেন আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে যে নাম মাত্র কমিউনিটি ক্লিনিক রয়েছে তা দিয়ে ইউনিয়ন বাসির সেবা দেওয়া সম্ভব হয় না। সে কারনে আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নে আরো কয়েকটি কমিউনিটি ক্লিনিক স্থাপন হওয়া প্রয়োজন। চেয়ারম্যান যোগীপোল ইউপি বলেন যে, তার ইউনিয়নে প্রচুর খাস জমি রয়েছে। তবে তা উদ্ধারে উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সহযোগীতা কামনা করেন। তিনি বলেন তার ইউনিয়নে বৈদ্যুৎতিক পোল স্থাপন/ তার টানা প্রয়োজন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে যোগীপোল ইউনিয়ন ভবনের জন্য প্রয়োজনীয় জমি প্রাপ্তি স্বাপাক্ষে নতুন ভবন এর প্রস্তাব প্রেরণ করাসহ আড়ংঘাটা ও যোগীপোল ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক এর জন্য প্রয়োজনীয় জমি প্রাপ্তি স্বাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ১৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর | সভায় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, নির্দেশনা অনুযায়ী সকল বিদ্যালয় পরিদর্শন করার কথা বলা হয়। তিনি বলেন উত্তর দিঘলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পকেট গেট করার বিষয়ে আলোনা হয়। তিনি বলেন লাখোহাটি উত্তর মাঝিরগাতী উত্তর বারাকপুর, ব্রক্ষগাতী, প্রতীভাময়ী | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসারগণ নির্দেশনাসমূহ | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের কাজ ধীর গতিতে চলছে। এছাড়া তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | বাস্তবায়নের সহযোগীতা করবেন। শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা যাওয়ার স্বার্থে উত্তর দিঘলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পকেট গেট করারসহ নতুন ভবনের কাজ দ্রুত গতিতে শেষ করার জন্য উপজেলা প্রকৌশলীকে নিয়মিত তরাকরি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৭ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব | প্রস্তাব-১ : উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এর আওতায় অত্র উপজেলায় গৃহীত প্রকল্পসমূহ গত ১৫/১১/২০২১ ইং তারিখে উপজেলা যাচাই বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পসমূহ (পরিশিষ্ট-'ক' ও 'খ') এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যার অনুমোদন প্রয়োজন এবং প্রকল্পগুলোর Tender ও PIC এবং RFQ এর মাধ্যমে বাস্তবায়ন করা হবে তারও সিদ্ধান্ত প্রয়োজন। তিনি আরও বলেন যেহেতু অর্থবছরের ৪ মাস অতিবাহিত হয়ে গেছে সেহেতু এডিপি এবং ইউ.ডি.এফ এর প্রকল্পসমূহ দ্রুত বাস্তবায়নের স্বার্থে দরপত্র আহবান ও দাখিলকৃত প্রকল্প কমিটি অনুমোদন করা প্রয়োজন (পরিশিষ্ট-'গ') । | বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট-'ক' ও 'খ' এর বর্ণিত প্রকল্পগুলি অনুমোদন এবং ২০২১-২২ অর্থবছরের প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের স্বার্থে এলজিইডি এর খুলনা অঞ্চলের তালিকাভূক্ত হালনাগাদ নবায়নকৃত ঠিকাদারের অংশগ্রহণ নিশ্চিত পূর্বক e-GP এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) দরপত্র আহবানের সিদ্ধান্ত , RFQ ও প্রকল্প কমিটি (পরিশিষ্ট-'গ') অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | বাউন্ডারী ওয়াল মেরামত ও নতুন গেট নির্মাণ সংক্রান্ত | প্রস্তাব -২: সভায় উপজেলা প্রকৌশলী জানান যে , স্থানীয় সরকার বিভাগের স্মারক নং – ৪৬.০৪৫.০২২.১০.০১.০০১-১০৫৮ তারিখঃ২৩/০৯/২০১৮ ইং মোতাবেক উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল মেরামত (১০,৮৪,৫৩০.০০) , পকেট গেট (৪,৮৪,৬২৪.০০), এন্ট্রি গেট (২৪,১৫,৮৮২.০০) ও বাউন্ডারী ওয়াল নির্মাণ (২২,৪৮,৯০৯.০০) টাকার পৃথক পৃথকভাবে প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্থাপন করা হয় । যা অনুমোদন প্রয়োজন । | সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা কর হয় । অতঃপর চলতি অর্থ বছরে প্রকল্পগুলি যাতে বাস্তবায়ন করা যায় । তজ্জন্য উপস্থাপিত প্রাক্কলন অত্র সভায় অনুমোদন সত নির্বাহী প্রকৌশলী,এলজিইডি,খুলনা বরাবর প্রেরণ পূর্বক প্রাক্কলনে প্রতিস্বাক্ষর গ্রহণ করতঃ সচিব,স্থানীয় সরকার বিভাগ,উপজেলা- | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ২ শাখায় প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| ১৯ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা এর নতুন বাসভবন নির্মাণ সংক্রান্ত | প্রস্তাব-৩: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২৪.০৯.২০১৯ তারিখের ৪৬.০৪৫.২০.০০৯.১০.০১০.২০১৯(অংশ-১)-৭০৮ নং স্মারক পত্রে স্থানীয় সরকার বিভাগ এর "উপজেলা উন্নয়ন সহায়তা" খাতের "কমপ্লেক্স ভবনাদি নির্মাণ/মেরামত" উপখাত হতে বরাদ্দের মাধ্যমে দিঘলিয়া উপজেলায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের নতুন বাসভবন নির্মাণের প্রস্তাব গত ফেব্রুয়ারী ২০২০ ইং মাসের মাসিক সভার রেজুলেশনসহ মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয় । কিন্তু অদ্যবদি ভবন নির্মাণের অনুমোদন পাওয়া যায় নাই । অনুমোদনের জন্য পুনরায় প্রেরণ করার প্রস্তাব সভায় উপস্থাপন করা হয় । | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অভ্যান্তরে উপজেলা পরিষদ চেয়ারম্যানের নতুন বাসভবন নির্মাণের সাইট লোকেশন ম্যাপ সম্বলিত প্রস্তাব সিনিয়র সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ , উপজেলা-২ শাখায় সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২০ | উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত সংক্রান্ত | প্রস্তাব -৪: উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, গত অক্টোবর/২০২১ এর মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার দিঘলিয়া খুলনা মহোদয়ের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামতের জন্য ৪,১০,৪৩১.০০ টাকার প্রাক্কলন প্রস্তুত করে সভায় পেশ করা হয়েছে । যা অনুমোদন এর প্রয়োজন । | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলনটি অনুমোদন করা হলো এবং কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য RFQ পদ্ধতি অবলম্বন করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) | প্রস্তাব -৫: উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প/২০১৮-১৯ (জাইকা) এর আওতায় দিঘলিয়া উপজেলাধীন দিঘলিয়া ইউনিয়নের দিঘলিয়া গ্রামবাসীর স্বাস্থ্য উন্নয়নের জন্য জোহারী শেখের বাড়ী থেকে বদিউর রহমানের বাড়ীর দিকে সারফেস ড্রেন & আরসিসি স্লাব নির্মাণ কাজটি পুনঃটেন্ডার করা হয়েছে । অচিরেই নির্বাচিত ঠিকাদারের সহিত চুক্তিপত্র সম্পাদন এবং কার্যাদেশ প্রদানের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা হবে । | সভায় আলোচনান্তে বিষয়টি বিস্তারিত আলোচনান্তে প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে কাজটি সম্পন্ন এর জন্য সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন । | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২২ | পুরাতন ইউটিডিসি ভবন-১ এর জরাজীর্ণ সংক্রান্ত | প্রস্তাব -৬: উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের পুরাতন ইউটিডিসি ভবন-১ জরাজীর্ণ অবস্থার মধ্যে পরিষদের অনেক গুরুত্বপূর্ণ সরকারী অফিস চলমান রয়েছে । এই ঝুঁকিপূর্ণ অবস্থার থেকে অফিস গুলো অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করা হলো । | সভায় আলোচনান্তে বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয় । | উপজেলা চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার ও |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা পরিষদের আবাসিক বাসভবনের বসবাসকারীর বাসাভাড়া আদায় সংক্রান্ত | প্রস্তাব -৭: উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, উপজেলা পরিষদের আবাসিক বাসভবনের বসবাসকারীর মধ্যে যাদের বকেয়া বাসাভাড়া পাওনা আছে ,এ বছরের মধ্যেই বকেয়া বাসাভাড়া হালনাগাদ করা প্রয়োজন । এছাড়া পুরাতন স্টাফকোয়ার্টার মেরামতের জন্য প্রাক্কলনসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। | সভায় আলোচনান্তে যাদের বাসাভাড়া বকেয়া আছে তাদের কে তাগিদ পত্র প্রেরনের মাধ্যমে চলতি বছরে হালনাগাদ আদায়সহ স্টাফ কোয়ার্টারের প্রাক্কলন মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা। |
| ২৪ | উপজেলা নির্বাহী অফিসার | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ চত্বরে কিছু কাষ্ঠল গাছের ডাল ছাটানো প্রয়োজন যাতে করে ফল গাছগুলো পর্যাপ্ত আলো পেতে পারে। তিনি আরো বলেন প্রতি বছরের ন্যায় এ বছরও মহান বিজয় দিবস/২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে উপজেলা রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উত্তোলন করা প্রয়োজন। এছাড়া পুরাতন পরিষদভবনের হলরুম অর্থাৎ বর্তমানে অস্থায়ী মসজিদের পাশে একটি টয়লেট ও দুটি প্রসাবখানা জরুরী ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে কিছু কাষ্ঠল গাছের ডাল ছাটানোসহ রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- টাকা উত্তোলন মসজিদের পাশে টয়লেট ও দুইটি প্রসাবখানা নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১৮ | চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা। | সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া জানান যে, দিঘলিয়া উপজেলা হাসপাতালে নরমাল অপারেশন দ্রুত শুরু করা প্রয়োজন। তিনি আরো বলেন সিসি ক্যামেরার হার্ডডিস্ক অকেজো হয়ে যাওয়ায় এবং কয়েকটি পুরাতন ক্যামেরা নষ্ট হওয়ায় একটি নতুন হার্ডডিস্ক ক্রয় করা এবং ক্যামেরাগুলো মেরামত করা প্রয়োজন। তাছাড়া নগরঘাট, বেলেঘাট, মোমিনপুর, ঘোষগাতিসহ যেসব জায়গায় রাস্তার পাশে সরকারি জায়গা দখল করে ইট বালুর ব্যবসা চলছে তা পথচারীদের জন্য ঝুঁকিপূর্ণ হওয়ায় জরুরী ভিত্তিতে বন্ধ করা দরকার। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে সার্জারী ডাক্তারের দ্রুত ব্যবস্থা করার জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে তা করাসহ সিসি ক্যামেরার হার্ডডিস্ক ক্রয় ও ক্যামেরা মেরামত এবং সরকারী জমি দখল করে রাস্তার পাশের ইট, বালুর ব্যবসা বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার দিঘলিয়া, খুলনা। |

**অক্টোবর, ২০২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান মহোদয়ের অক্টোবর/২০২১ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের অক্টোবর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর /২০২১ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতা কর্মী এর অক্টোবর /২০২১মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩০০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর অক্টোবর /২০২১মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৩০০/- | ৬,৮২,০৭২/- |

| | | |
|---|---|---|
| | ০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর অক্টোবর /২০২১মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৮৭৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর অক্টোবর /২০২১ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর অক্টোবর /২০২১ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মোঃ আজিজুর রহমান, প্রকল্প সভাপতি উপজেলা আমার বাড়ি আমার খামারের অফিসের সামনে গ্যারেজ নির্মাণ প্রকল্পের ব্যয় বাবদ=২০০,০০০/-<br>১৩।, মোঃ নাজমূল ইসলাম, প্রকল্প সভাপতি উপজেলা পল্লী উন্নয়ন অফিসের সামনে গ্যারেজ নির্মাণ প্রকল্পের ব্যয় বাবদ=২০০,০০০/-<br>১৪। সালেহা বেগম, অফিস সহায়ক এর নামে সেনহাটি ইউনিয়ন ও দিঘলিয়া ইউনিয়নে মশার ঔষধ ক্রয় ও স্প্রে বাবদ =৭৬,২০০/-<br>১৫। মোঃ হাকিম মল্লিক, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ০৪ টি মিটারের বিদ্যুৎ পরিশোধ বাবদ=১১,৫৯৭/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০-৯৭৭ তারিখ: ২৫.১১.২০২১ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- ১০২, খুলনা-৪, যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থায়ী কমিটির সদস্য।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, খুলনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৬। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। উপজেলা ……………………………………………কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৮। চেয়ারম্যান, ………………………………ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৯। জনাব ……………………………………………………………সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলন

(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।
ফোন: ০৪১-৮৯০০০২